

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত করা হলো)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প”

মহিলা বিষয়ক অধিদপ্তর

৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং ৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭ (অংশ-১)-০৮১

তারিখঃ ০৪/০৪/২০২১ খ্রিঃ।

**বিষয়: আইজিএ প্রকল্পের আওতায় ৪২৬ টি উপজেলায় ১১তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সাময়িকভাবে স্থগিত রাখা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” প্রকল্পের আওতায় ৪২৬টি উপজেলায় ১১তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম এপ্রিল ২০২১ হতে শুরু হয়েছে। সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও মহামারী করোনাভাইরাস (কোভিড-১৯) এর প্রভাব বিস্তার করেছে। মহামারী করোনাভাইরাস জনিত রোগ কোভিড-১৯ বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আগামী ৫ এপ্রিল ২০২১ থেকে ১১ এপ্রিল ২০২১ পর্যন্ত সার্বিক কার্যাবলি/চলাচলের নিষেধাজ্ঞা আরোপ করেছেন।

০২। এমতাবস্থায়, সর্তকতামূলক ব্যবস্থা হিসাবে আইজিএ প্রকল্পের উপজেলা পর্যায়ে চলমান ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম আগামী ৫ এপ্রিল ২০২১ হতে পরবর্তী পুনরাদেশ না দেয়া পর্যন্ত সাময়িকভাবে স্থগিত রাখার জন্য অনুরোধ করা হলো।

০৩। আইজিএ প্রকল্পের সকল প্রশিক্ষক ও অফিস সহায়কদেরকে স্থানীয় প্রশাসনের সহায়তায় এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নির্দেশক্রমে মহামারী নভেলকরোনা ভাইরাস (কোভিড-১৯) এর বিষয়ে সামাজিক সচেতনতামূলক কার্যক্রম ও মাস্ক প্রস্তুত পূর্বক বিনা মূল্যে বিতরণ করার জন্য বলা হলো।

(মো: তরিকুল আলম)

যুগ্মসচিব

ও

প্রকল্প পরিচালক

ফোন: ০২-৫৫১৩৮১২৭

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)

মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়।

.....উপজেলা.....জেলা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৪। উপ-পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর..... জেলা।
- ৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অফিস কপি।